বিভাগীয় উপপরিচালকের কার্যালয়
প্রাথমিক শিক্ষা, বরিশাল বিভাগ।
ডকেট নং-৩৯৭ তাং ০১.১২.২৪

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর
সেকশন-২, মিরপুর, ঢাকা-১২১৬
www.dpe.gov.bd

স্মারক নং ৩৮.০১.০০০০.১০৭.০২৩.০৩.২৪- ২১৩৮

১২ অগ্রহায়ণ ১৪৩১
তারিখ: ২৭ নভেম্বর ২০২৪

বিষয়: বাংলাদেশ প্রিমিয়ার লীগ (বিপিএল) এর সহযোগিতায় তারুণ্যের উৎসব-২০২৫ উদযাপন উপলক্ষ্যে বিভিন্ন কর্মসূচি বাস্তবায়ন সংক্রান্ত নির্দেশনা।

সূত্র : প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়রে ১৯/১১/২০২৪ তারিখের ৩৮.০০.০০০০.০০২.৯৯.০১৬.২৪-১৫৪১ নং স্মারকপত্র।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ প্রিমিয়ার লীগ (বিপিএল) এর সহযোগিতায় তারুণ্যের উৎসব-২০২৫ উদযাপন উপলক্ষ্যে জাতীয় কর্মসূচি গ্রহণ করা হয়েছে। এ কর্মসূচির বিষয়ে মাননীয় প্রধান উপদেষ্টার বিশেষ আগ্রহ ও নির্দেশনা রয়েছে। আগামী ০১ ডিসেম্বর ২০২৪ তারিখ কর্মসূচিটির মিডিয়া লঞ্চিং হবে এবং ৩০ ডিসেম্বর ২০২৪ হতে ০৮ ফেব্রুয়ারি ২০২৫ পর্যন্ত জাতীয় কর্মসূচি চলমান থাকবে। এ কর্মসূচির সাথে সঙ্গতি রেখে প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় কর্তৃক মাঠ পর্যায়ে বিভিন্ন কর্মসূচি বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়েছে। এমতাবস্থায় মাঠ পর্যায়ে কর্মসূচি বাস্তবায়নের জন্য নিম্নবর্ণিত নির্দেশনাসমূহ প্রদান করা হলো:

ক) <u>আমার স্কুল পরিচ্ছন্ন স্কুল:</u>

১. দেশের সকল প্রাথমিক বিদ্যালয়ে "আমার স্কুল পরিচ্ছন্ন স্কুল" শিরোনামে ব্যানার প্রদর্শনপূর্বক ৩০/১২/২০২৪ থেকে ০৫/০১/২০২৫ তারিখ পর্যন্ত শিক্ষক শিক্ষার্থীর অংশগ্রহণে সপ্তাহব্যাপী পরিস্কার-পরিচ্ছন্নতা কার্যক্রম গ্রহণসহ অনুশীলন করতে হবে;

২. বিদ্যালয়ের শ্রেণিকক্ষ, আঙ্গিনা, ওয়াশব্লক, ছাদ এবং বিদ্যালয়ের চারপাশ পরিচ্ছন্নতা কার্যক্রমের আওতাভূক্ত থাকবে;

৩. শ্রেণিভিত্তিক (১ম-৫ম) দল গঠন করে শ্রেণিশিক্ষকের তত্ত্বাবধানে পরিচ্ছন্নতা কার্যক্রম অনুশীলন করতে হবে;

৪. প্রতিটি শ্রেণিকক্ষে ডাস্টবিন এবং দরজা ও সিঁড়ির মুখে পাপোশ থাকতে হবে;

৫. ওয়াশব্লকে পর্যাপ্ত হারপিক, ব্রাশ, হ্যান্ডওয়াশ/সাবান রাখতে হবে। এছাড়া স্যান্ডেল ও পাপোস থাকতে হবে;

৬. উপযুক্ত জায়গায় শিক্ষার্থীদের হাত-পা ধোয়ার ব্যবস্থা রাখতে হবে। প্রতিদিন বিদ্যালয়ে প্রবেশ ও প্রস্থানের সময় শিক্ষার্থীদের হাত ধুয়ে নিতে পারে;

৭. শিক্ষার্থীদের ব্যক্তিগত পরিচ্ছন্নতা বজায় রাখার জন্য দৈনিক সমাবেশে সকল শিক্ষার্থীর দাঁত, নখ ও চুল পর্যবেক্ষণ করে প্রয়োজনীয় পরামর্শ দিতে হবে এবং শিক্ষার্থীদের নখ কাটার ব্যবস্থা করতে হবে;

৮. বিদ্যালয়ে পরিমাণমত চিরুনী ও নেইল কাটার রাখতে হবে;

খ) <u>প্রাথমিক স্বাস্থ্য সেবা ক্যাম্পেইন:</u>

১. সকল প্রাথমিক বিদ্যালয়ে ৩০/১২/২০২৪ হতে ০৫/০১/২০২৫ পর্যন্ত সপ্তাহব্যাপী শিক্ষার্থীদের অংশগ্রহণে প্রাথমিক স্বাস্থ্য সেবা ক্যাম্পেইন পরিচালনা করতে হবে। এ সময় বিদ্যালয়ের ক্ষুদে ডাক্তার ও কাব লিডারদের মাধ্যমে স্বাস্থ্য কর্মীর সহায়তায় শিক্ষার্থীদের উচ্চতা ও ওজনের অনুপাত [BMI- ওজন (কেজি)/উচ্চতা (মিটার)] এবং রক্তচাপ (Blood Pressure) পরীক্ষার ব্যবস্থা করতে হবে এবং তার রেকর্ড সংরক্ষণ করতে হবে;

২. মৌলিক প্রাথমিক চিকিৎসা বিষয়ে শিক্ষার্থীদের সচেতন করতে হবে;

গ) <u>চিত্রাংকন প্রতিযোগিতা:</u>

সকল প্রাথমিক বিদ্যালয়ে ৩০/১২/২০২৪ থেকে ৩১/০১/২০২৫ তারিখ পর্যন্ত শিক্ষার্থীদের অংশগ্রহণে গ্রুপভিত্তিক (ক-গ্রুপ-১ম ও ২য়, খ-গ্রুপ- ৩য়, ৪র্থ ও ৫ম) "জুলাই-আগস্ট বিপ্লব ২০২৪" শিরোনামে চিত্রাংকন প্রতিযোগিতার ৩০ ডিসেম্বর ২০২৪ তারিখে আয়োজন শুরু করা হবে। প্রতিযোগিতায় প্রথম থেকে তৃতীয় স্থান অর্জনকারী শিক্ষার্থীদের পুরস্কার প্রদান করতে হবে;

ঘ) **রচনা প্রতিযোগিতা:**

সকল প্রাথমিক বিদ্যালয়ে ৩০/১২/২০২৪ থেকে ৩১/০১/২০২৫ তারিখ পর্যন্ত শিক্ষার্থীদের অংশগ্রহণে গ্রুপভিত্তিক (৩য়-৫ম) "আমাদের বিদ্যালয় দূষণমুক্ত রাখতে আমাদের করণীয়" শীর্ষক রচনা প্রতিযোগিতার আয়োজন করতে হবে। প্রতিযোগিতায় প্রথম থেকে তৃতীয় স্থান অর্জনকারী শিক্ষার্থীদের পুরস্কার প্রদান করতে হবে;

ঙ) **প্রাথমিক শিক্ষা পদক প্রতিযোগিতা:**

জাতীয় প্রাথমিক শিক্ষা পদক প্রতিযোগিতা ২০২৪ শিক্ষার্থীদের (ক্রীড়া, সাংস্কৃতিক, বিষয়ভিত্তিক কুইজ ও কাবিং) বিদ্যালয় পর্যায়ে ৩০ ডিসেম্বর ২০২৪ তারিখে শুরু করতে হবে;

চ) **প্রাথমিক বিদ্যালয় গোল্ডকাপ ফুটবল টুর্নামেন্ট:**

প্রাথমিক বিদ্যালয় গোল্ডকাপ ফুটবল টুর্নামেন্ট (বালক-বালিকা) ২০২৪ জেলা পর্যায়ের খেলা আগামী ৩০ ডিসেম্বর ২০২৪ তারিখে সূচনামূলক কার্যক্রম গ্রহণ করতে হবে;

ছ) **সবুজ বিদ্যালয় (Green School) ক্যাম্পেইন:**

১. সকল প্রাথমিক বিদ্যালয়ে শ্রেণিভিত্তিক শিক্ষকের নেতৃত্বে শিক্ষার্থীর অংশগ্রহণে স্ব উদ্যোগে ঔষধি গাছ রোপণ, ফুলের বাগান সৃজন এবং বিদ্যালয়ে ইতঃপূর্বে রোপণকৃত বৃক্ষের পরিচর্যা করতে হবে;

২. বাগান সংরক্ষণের ব্যবস্থা করতে হবে;

জ) সকল সরকারি প্রাথমিক বিদ্যালয়ে (যেখানে সম্ভব) বিপিএল এর উদ্বোধনী অনুষ্ঠান ও খেলা প্রজেক্টর বা মনিটরে প্রদর্শনের ব্যবস্থা করতে হবে;

ঝ) তারুণ্য উৎসব-২০২৫ উদযাপন উপলক্ষ্যে প্রয়োজনীয় ব্যয় (বিন, সাবানসহ পুরস্কার ক্রয়) বিদ্যালয়ের স্লীপ ফান্ডের সংশ্লিষ্ট অর্থ থেকে নির্বাহ করা যাবে;

ঞ) তারুণ্য উৎসব-২০২৫ উপলক্ষ্যে জাতীয় পর্যায়ের নির্ধারিত লোগো এবং 'বাংলাদেশকে বদলাই, বিশ্বকে বদলাই' স্লোগান সংবলিত ব্যানার ০১/১২/২০২৪ হতে প্রিমিয়ার লীগ শেষ হওয়া পর্যন্ত সকল প্রাথমিক বিদ্যালয়ে প্রদর্শন করতে হবে।


ড. মো: আব্দুল হাকিম
মহাপরিচালক
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর
ই-মেইল: dgprimary@gmail.com


**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। বিভাগীয় উপপরিচালক (সকল)।
২। জেলা প্রাথমিক শিক্ষা অফিসার/সুপারিনটেনডেন্ট (সকল)।
৩। উপজেলা/থানা শিক্ষা অফিসার (সকল)।
৪। ইন্সট্রাক্টর, উপজেলা/থানা রিসোর্স সেন্টার (সকল)।
৫। সহকারী উপজেলা/থানা শিক্ষা অফিসার (সকল)।
৬। সহকারী ইন্সট্রাক্টর, উপজেলা/থানা রিসোর্স সেন্টার (সকল)।
৭। প্রধান শিক্ষক/সহকারী শিক্ষক (সকল)।

**অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০।
২। মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মিরপুর, ঢাকা-১২১৬।
৩। পরিচালক (সকল), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মিরপুর, ঢাকা-১২১৬।
৪। সংরক্ষণ নথি।

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়**
**প্রশাসন- ২ অধিশাখা**
**www.mopme.gov.bd**

**বিষয়ঃ বাংলাদেশ প্রিমিয়ার লীগ (বিপিএল) এর সহযোগিতায় তারুণ্যের উৎসব-২০২৫ উদযাপন উপলক্ষে অনুষ্ঠিত প্রস্তুতিমূলক সভার কার্যবিবরণী।**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | ফরিদ আহাম্মদ<br>সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়। |
| স্থান | : | মন্ত্রণালয়ের সভাকক্ষ (কক্ষ নং-৬১০, ৭ম তলা, ভবন নং-৬) |
| তারিখ | : | ১৯.১১.২০২৪ খ্রিঃ |
| সময় | : | সকাল ১১:০০ ঘটিকা |

সভায় উপস্থিত কর্মকর্তাবৃন্দঃ স্বাক্ষরের ক্রমানুসারে (পরিশিষ্ট- ক)

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভাপতি সভার কার্যক্রম শুরু করেন। তিনি জানান যে, বাংলাদেশ প্রিমিয়ার লীগ (বিপিএল) এর সহযোগিতায় তারুণ্যের উৎসব-২০২৫ উদযাপন উপলক্ষ্যে গত ৩১.১০.২০২৪ এবং ১৭/১১/২০২৪ তারিখ প্রধান উপদেষ্টার কার্যালয়ে মুখ্য সচিব মহোদয়ের সভাপতিত্বে দুইটি আন্তঃমন্ত্রণালয় সভা অনুষ্ঠিত হয়। উক্ত কর্মসূচি সঙ্গে উক্ত দুইটি সভার গৃহীত সিদ্ধান্তের সাথে সংগতি রেখে এ মন্ত্রণালয় ও আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের জন্য কর্মসূচি প্রণয়ন ও বাস্তবায়নের উদ্যোগ গ্রহণ করা প্রয়োজন। এ কর্মসূচির বিষয়ে মাননীয় প্রধান উপদেষ্টার বিশেষ আগ্রহ ও নির্দেশনা রয়েছে, বিধায় এটি যথাযথ গুরুত্ব ও নাগরিক বান্ধব কর্মসূচি গ্রহণ করে ১লা ডিসেম্বর ২০২৪ তারিখ কর্মসূচিটির মিডিয়া লঞ্চিং হবে এবং ৩০ ডিসেম্বর ২০২৪ হতে ০৮ ফেব্রুয়ারি ২০২৫ পর্যন্ত জাতীয় কর্মসূচি চলমান থাকবে। কর্মসূচিটি যথাযথভাবে উদযাপনের ক্ষেত্রে তিনি সকলের সহযোগিতা কামনা করেন।

০২। অতঃপর সভাপতি বাংলাদেশ প্রিমিয়ার লীগ (বিপিএল) এর সহযোগিতায় তারুণ্যের উৎসব-২০২৫ উদযাপন উপলক্ষ্যে প্রধান উপদেষ্টার কার্যালয়ের আন্তঃমন্ত্রণালয় সভার গুরুত্বপূর্ণ সিদ্ধান্তসমূহ সভায় উপস্থাপন করেন। মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মহাপরিচালক, উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো, এ মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিববৃন্দ, পরিচালক, শিশু কল্যাণ ট্রাস্টসহ উপস্থিত অন্যান্য কর্মকর্তাগণ তারুণ্যের উৎসব-২০২৫ উদযাপন উপলক্ষ্যে এ মন্ত্রণালয়ের করণীয় নির্ধারণ ও বাস্তবায়নের কৌশল বিষয়ে মতামত প্রদান করেন। সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

| ক্রমিক নং | সভার সিদ্ধান্তসমূহ | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| ১. | 'আমার স্কুল পরিচ্ছন্ন স্কুল' শিরোনামে ৩০ ডিসেম্বর ২০২৪ থেকে ০৫ জানুয়ারি ২০২৫ পর্যন্ত সপ্তাহ ব্যাপী সকল স্কুলের ছাত্র-ছাত্রীদের অংশগ্রহণে প্রাথমিক বিদ্যালয়ের ক্লাসরুম, আঙিনা, ওয়াসব্লক বিশেষভাবে পরিস্কার পরিচ্ছন্ন রাখার কার্যক্রম গ্রহণসহ অনুশীলন করা হবে। এছাড়া এ সময়ে ছাত্র-ছাত্রীদের ব্যক্তিগত পরিস্কার পরিচ্ছন্নতার (হাত-পা ধোয়া, নখ কাটা প্রভৃতি) নিশ্চিতকরণের উদ্যোগ গ্রহণ করা হবে। | মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর ও মহাপরিচালক, উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো এবং পরিচালক, শিশু কল্যাণ ট্রাস্ট |
| ২. | সকল প্রাথমিক বিদ্যালয়ে ৩০ ডিসেম্বর ২০২৪ হতে ০৫ জানুয়ারি ২০২৫ পর্যন্ত সপ্তাহ ব্যাপী স্কুল শিক্ষার্থীদের অংশগ্রহণে প্রাথমিক স্বাস্থ্যসেবা ক্যাম্পেইন পরিচালনা করা হবে। এ সময় বিদ্যালয়ের ক্ষুদে ডাক্তার (Little Doctor) ও কাব লিডারদের মাধ্যমে স্বাস্থ্যকর্মীর সহায়তায় শিক্ষার্থীদের উচ্চতা ও ওজনের অনুপাত (BMI) এবং রক্তচাপ (Blood Pressure) পরীক্ষার ব্যবস্থা গ্রহণ করা হবে। মৌলিক প্রাথমিক চিকিৎসার বিষয়ে সকলকে সচেতন করা হবে। | মহাপরিচালক<br>প্রাথমিক শিক্ষা অধিদপ্তর |

| ক্রমিক নং | সভার সিদ্ধান্তসমূহ | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| ৩. | সকল প্রাথমিক বিদ্যালয়ে ৩০ ডিসেম্বর ২০২৪ হতে ৩১ জানুয়ারি ২০২৫ পর্যন্ত শিক্ষার্থীদের অংশগ্রহণে 'জুলাই-আগস্ট বিপ্লব ২০২৪' শীর্ষক চিত্রাংকন প্রতিযোগিতার আয়োজন করা হবে। | মহাপরিচালক<br>প্রাথমিক শিক্ষা অধিদপ্তর |
| ৪. | সকল প্রাথমিক বিদ্যালয়ে ৩০ ডিসেম্বর ২০২৪ হতে ৩১ জানুয়ারি ২০২৫ পর্যন্ত শিক্ষার্থীদের অংশগ্রহণে "আমাদের বিদ্যালয় দূষণমুক্ত রাখতে আমাদের করণীয়" শীর্ষক রচনা প্রতিযোগিতার আয়োজন করা হবে। | মহাপরিচালক<br>প্রাথমিক শিক্ষা অধিদপ্তর |
| ৫. | জাতীয় প্রাথমিক শিক্ষা পদক প্রতিযোগিতা ২০২৫ এবং প্রাথমিক বিদ্যালয় গোল্ডকাপ ফুটবল টুর্নামেন্ট (বালক-বালিকা) ২০২৫ প্রতিযোগিতা আগামী ৩০ ডিসেম্বর ২০২৪-এ সূচনা কার্যক্রম গ্রহণ করা হবে এবং তারুণ্যের উৎসব-২৫ চলাকালে প্রতিযোগিতার গুরুত্বপূর্ণ অঙ্গভিত্তিক খেলাধুলা, সাংস্কৃতিক ও সাহিত্য প্রতিযোগিতাসমূহের আয়োজন করা হবে। | মহাপরিচালক<br>প্রাথমিক শিক্ষা অধিদপ্তর |
| ৬. | সবুজ বিদ্যালয় (Green School) ক্যাম্পেইন হিসেবে সকল প্রাথমিক বিদ্যালয়ে স্ব উদ্যোগে ঔষধি বৃক্ষ রোপন, ফুলের বাগান সৃজন এবং বিদ্যালয়ে ইতোপূর্বে রোপনকৃত বৃক্ষের পরিচর্যা করা হবে। | মহাপরিচালক<br>প্রাথমিক শিক্ষা অধিদপ্তর |
| ৭. | সরকারি প্রাথমিক বিদ্যালয়ে (যেখানে সম্ভব) বিপিএল এর উদ্বোধনী অনুষ্ঠান ও খেলা প্রজেক্টর বা মনিটরে প্রদর্শনের ব্যবস্থা করা হবে। | মহাপরিচালক<br>প্রাথমিক শিক্ষা অধিদপ্তর |
| ৮. | তারুণ্যের উৎসব-২০২৫ উদযাপন উপলক্ষে প্রয়োজনীয় ব্যয় বিদ্যালয়ের স্লিপ ফান্ডের সংশ্লিষ্ট অর্থ থেকে নির্বাহ করা যাবে। প্রয়োজনীয় ক্ষেত্রে মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর রাজস্ব বাজেট হতে ন্যূনতম প্রয়োজনীয় আর্থিক বরাদ্দ প্রদানের ব্যবস্থা গ্রহণ করবেন। | মহাপরিচালক<br>প্রাথমিক শিক্ষা অধিদপ্তর |
| ৯. | তারুণ্যের উৎসব-২০২৫ উদযাপন উপলক্ষে জাতীয় পর্যায়ের নির্ধারিত লোগো এবং 'বাংলাদেশকে বদলাই, বিশ্বকে বদলাই' শ্লোগান সংবলিত ব্যানার ০১ ডিসেম্বর ২০২৪ হতে প্রিমিয়ার লীগ শেষ হওয়া পর্যন্ত সকল প্রাথমিক বিদ্যালয়ে প্রদর্শন করা হবে। | মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর ও মহাপরিচালক, উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো এবং পরিচালক, শিশু কল্যাণ ট্রাস্ট |
| ১০. | মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর আগামী ১ সপ্তাহের মধ্যে বাংলাদেশ প্রিমিয়ার লীগ (বিপিএল) এর সহযোগিতায় তারুণ্যের উৎসব-২০২৫ উদযাপনে করণীয় নির্ধারণ ও বাস্তবায়নের বিষয়ে মাঠ পর্যায়ের জন্য নির্দেশনাসমূহ তৈরি করে বিভাগীয়, জেলা, উপজেলা পর্যন্ত জারির ব্যবস্থা নিবেন। | মহাপরিচালক<br>প্রাথমিক শিক্ষা অধিদপ্তর |
| ১১. | উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো কর্তৃক আউট অব স্কুল চিলড্রেন প্রকল্পের অধীন সকল শিখন কেন্দ্রের ছাত্র-ছাত্রীদের অংশগ্রহণে ২৪-৩০ ডিসেম্বর, ২০২৪ পর্যন্ত ব্যক্তিগত পরিস্কার পরিচ্ছন্নতা এবং পরিবেশ দূষণরোধ অনুশীলন নিশ্চিত করার বিষয়ে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করা হবে। | মহাপরিচালক<br>উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো |
| ১২. | শিশু কল্যাণ ট্রাস্ট কর্তৃক ট্রাস্টের অধীন পরিচালিত বিদ্যালয়সমূহের ছাত্র-ছাত্রীদের অংশগ্রহণে ৩০ ডিসেম্বর, ২০২৪ হতে ০৫ জানুয়ারি ২০২৫ পর্যন্ত ব্যক্তিগত পরিস্কার পরিচ্ছন্নতা এবং পরিবেশ দূষণরোধে কার্যক্রম গ্রহণ ও অনুশীলন নিশ্চিত করার বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে। | পরিচালক, শিশু কল্যাণ ট্রাস্ট |

| ক্রমিক নং | সভার সিদ্ধান্তসমূহ | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| ১৩. | জাতীয় প্রাথমিক শিক্ষা একাডেমি (নেপ), ময়মনসিংহ কর্তৃক ৩০ ডিসেম্বর, ২০২৪ হতে ০৮ ফেব্রুয়ারি, ২০২৫ পর্যন্ত সময়ে অনুষ্ঠিত সকল প্রশিক্ষণ কার্যক্রমে তারুণ্যের উৎসব-২০২৫ বিষয়ে অংশগ্রহণকারী প্রশিক্ষণার্থীগণকে অবহিতকরণের ব্যবস্থা গ্রহণ করা হবে। | মহাপরিচালক, জাতীয় প্রাথমিক শিক্ষা একাডেমি (নেপ), ময়মনসিংহ |

০২। সভায় আর কোন আলোচনা না থাকায় আন্তরিকতা, উদ্ভাবনী সৃজনশীল ভাবনা ও কার্যক্রমের মাধ্যমে গৃহীত কর্মসূচির সফল বাস্তবায়নে সবাইকে সক্রিয় অংশগ্রহণের অনুরোধ এবং সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

স্বাক্ষরিত/=
১৯.১১.২০২৪
(ফরিদ আহাম্মদ)
সচিব
প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়

নম্বর-৩৮.০০.০০০০.০০২.৯৯.০১৬.২৪-১৫৪১

তারিখঃ ০৪ অগ্রায়ণ ১৪৩১ / ১৯ নভেম্বর ২০২৪

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. সচিব, প্রধান উপদেষ্টার কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
২. সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, সেকশন-২, মিরপুর, ঢাকা- ১২১৬।
৪. অতিরিক্ত সচিব (সকল), প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫. মহাপরিচালক, উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো, তেজগাঁও, ঢাকা।
৬. মহাপরিচালক, জাতীয় প্রাথমিক শিক্ষা একাডেমি (নেপ), ময়মনসিংহ।
৭. যুগ্মসচিব (সকল), প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৮. মাননীয় উপদেষ্টার একান্ত সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৯. উপসচিব (সকল), প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১০. সচিব মহোদয়ের একান্ত সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১১. সিনিয়র সহকারী সচিব (সকল), প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১২. পরিচালক, শিশু কল্যাণ ট্রাস্ট, সেকশন-২, মিরপুর, ঢাকা- ১২১৬।
১৩. সিনিয়র তথ্য কর্মকর্তা, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৪. অফিস কপি।

১৯/১১/২৪

(মোঃ জাহিদ নেওয়াজ)
উপসচিব
ফোনঃ ৫৫১০০৯২৮
ই-মেইল: dsad2@mopme.gov.bd